



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়

বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, বুপনগর, মিরপুর-০২, ঢাকা-১২১৬

www.pdbf.gov.bd



মানব সম্পদ ব্যবস্থাপনা


স্মারক নং-৪৭.৬৬.০০০০.০১০.১৮.০০৩৫.০৪-১১৩২

তারিখঃ ২২/০৪/২০২১খ্রিঃ।

বিষয়: পিডিবিএফ এর কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্থলে অবস্থানের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্তমান কোভিড-১৯ জনিত সংকটময় পরিস্থিতিতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পল্লীর দরিদ্র ও অসুবিধাগ্রস্ত জনগোষ্ঠী তথা পিডিবিএফ এর সুফলভোগীদের জীবিকায়ন চক্রকে অব্যাহত রাখার লক্ষ্যে সীমিত পরিসরে ফাউন্ডেশনের কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। সেই মতে, সরকারের সিদ্ধান্ত অনুযায়ী কোভিড-১৯ জনিত বিধি-নিষেধকালীন (লকডাউন) পিডিবিএফ এর সকল কর্মকর্তা/কর্মচারীকে স্ব-স্ব কর্মস্থলে অবস্থানের নির্দেশ প্রদান করা হয়েছে। বিশেষ করে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে পল্লীর প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে যে অনুদান প্রদান করা হয়েছে তা সুফলভোগীদের মধ্যে বিতরণের লক্ষ্যে প্রস্তুতিমূলক কার্যক্রম সূচিত হয়েছে।

এ প্রেক্ষিতে পিডিবিএফ এর সকল কর্মকর্তা/কর্মচারী স্ব-স্ব কর্মস্থলে অবস্থান করছে কিনা তা স্পষ্টত: জানা প্রয়োজন। বিশেষ করে লকডাউন আরোপের অব্যবহিত পূর্বে বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীগণ বদলীকৃত কর্মস্থলে যোগদান করেছেন কিনা এবং যোগদানের পর কর্মস্থলে অবস্থান করছেন কিনা সে বিষয়ে সুনির্দিষ্ট তথ্যসহ একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী ২৫/০৪/২০২১খ্রি: তারিখ রবিবার সকাল ১০.০০ ঘটিকার মধ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর (pdbfmd@gmail.com) প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, আগামী ২৫ এপ্রিল, ২০২১খ্রি: তারিখ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় সচিব মহোদয় কর্তৃক আহূত পর্যালোচনা সভা Zoom Apps এর মাধ্যমে অনুষ্ঠিত হবে এবং চাহিত প্রতিবেদনে প্রদত্ত তথ্যাদি এ সভায় উপস্থাপিত হবে।


২২/০৪/২০২১
(মোঃ শাহেদুর রহমান খান)

যুগ্ম পরিচালক

মানব সম্পদ ব্যবস্থাপনা

পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।

উপপরিচালক ও আঞ্চলিক প্রধান (সকল),

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. পরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), প্রধান কার্যালয়, ঢাকা।
৪. যুগ্ম পরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), প্রধান কার্যালয়, ঢাকা।
৫. যুগ্ম পরিচালক, পরিধারণ ও মূল্যায়ন, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা (প্রয়োজনীয় যোগাযোগপূর্বক পিডিবিএফ এর কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্থলে অবস্থানের বিষয়ে একটি প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
৬. যুগ্ম পরিচালক, তথ্য প্রযুক্তি, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এক্সিকিউটিভ সেক্রেটারী, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. অফিস কপি।